ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

**19 june 2025** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যে গত কয়েক বছরে স্বাস্থ্য পরিসেবার ক্ষেত্রে লাভ করা সাফল্য হিসেবে প্রসূতি মা ও নবজাতকের মৃত্যুর হার হ্রাস করা সম্ভব হয়েছে । রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের উন্নয়নের যাত্রা এগিয়ে চলছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে ২০২৯ সালের মধ্যে আসামে মোট ২৯টি মেডিকেল কলেজ স্থাপন করে রাজ্যের চিকিৎসা ও স্বাস্থ্য সেবা আরো শক্তিশালী করে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে রাজ্যে ৬টি মেডিকেল কলেজ থেকে ১৩টিতে বৃদ্ধি পাওয়ার ফলে সুলভ হারে স্বাস্থ্য সেবা প্রদানের পরিসর আরো বৃদ্ধি পেয়েছে । মুখ্যমন্ত্রী আধুনিক প্রযুক্তির সঙ্গে পরিচিত হয়ে চিকিৎসা সেবা প্রদান করতে নবনিযুক্ত চিকিৎসকদের প্রতি আহ্বান জানান । গ্রামীন স্বাস্থ্য ব্যবস্থাকে আরো সম্প্রসারিত করতে সরকার দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে
বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী জানান যে রাজ্যের উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ৪ হাজার নার্সের নিযুক্তি প্রদান করা হবে । অনুষ্ঠানে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার পল্যাণ মন্ত্রী অশোক সিংহলও উপস্থিত ছিলেন ।

---

হারাং নদীর উপর থাকা ভাঙ্গারপার সেতু ভাঙ্গার পর বিকল্প সড়কের ব্যবস্থা করতে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে দ্রুত পদক্ষেপ গ্রহন করা হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব ইতিমধ্যে বাবুরবাজার -সোনাপুর - খালাপুর, রংঘর রোড হয়ে এবং কাটিগড়া -চৌরঙ্গী-শান্তিপুর -গণিরগ্রাম- বড়যাত্রাপুর সড়ক দ্রুত সংস্কার করার উদ্যোগ নিয়েছে । এদিকে ভাঙ্গারপার সেতু বির্পযয় নিয়ে ইতিমধ্যে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে যা আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন জমা করবে ।
এ সর্ম্পকে জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান -----
বাইট

---

অসম প্রশাসনিক সেবার ২০২৪ ব্যাচের আধিকারীক দীপা দাস গতকাল আনুষ্ঠানিকভাবে বরাক উপত্যকার তথ্য ও জনসংযোগ বিভাগের শিলচরের আঞ্চলিক কার্য্যালয়ের ভারপ্রাপ্ত উপ-সঞ্চালক হিসেবে দায়িত্বভার গ্রহন করেন । তিনি বহ্নিকা চেতিয়ার স্থলাভিষিক্ত হয়েছেন । শ্রীমতি দাস এছাড়াও স্বাস্থ্য , কৃষি , পশুপালন , পশু চিকিৎসা ও মৎস্য বিভাগের প্রশাসনিক আধিকারিক হিসেবেও দায়িত্ব পালন করবেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় এবং মণিয়ারখালের বাণীশক্তি ক্লাবের সহযোগীতায় আগামী ২১শে জুন আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে মণিয়ারখাল চা বাগান মডেল স্কুলের মাঠে সকাল সাড়ে ছটা থেকে যোগ প্রশিক্ষন শুরু হবে । প্রশিক্ষক হিসেবে থাকবেন বিনয় ভূষন দাস ।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালি ভিউ-এর উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংগঠন ইয়াসির সহযোগীতায় গতকাল শিলচর পঞ্চায়েত রোডের এরা আমাদের সংগঠনে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব অটিস্টিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সংগঠন দুটির পক্ষ থেকে অটিষ্টিক শিশুদের জন্য আগামী ১৫ দিনের নিত্য প্রয়োজনীয় সামগ্রী প্রদান করেন সঞ্জীব রাই , রিমা পাল , পারমিতা ভট্টাচার্য্য প্রমূখ ।

---

নর্থ ইষ্ট স্কিল সেন্টারের পক্ষ থেকে শ্রীভূমি জেলার তপশিলি জাতির যুবকদের এক বছরের বিনামূল্যে বৃত্তিমূলক প্রশিক্ষনে যোগদান করতে আহ্বান জানানো হয়েছে । তপশিলি জাতির যুবকদের এই প্রশিক্ষিন চলাকালীন প্রতি মাসে ৬ হাজার টাকা করে ভাতা প্রদান করা হবে । এতে বিউটি এন্ড ওয়েলনেস , রিটেইল সার্ভিসেস , ফুড এন্ড বেভারেজ সার্ভিস , হাউস কিপিং অপারেশন , এই চারটি কোর্সে প্রশিক্ষন প্রদান করা হবে । এই কোর্সগুলিতে ভর্তির জন্য প্রার্থীদের যেকোন শাখায় দ্বাদশ শ্রেণী উর্ত্তীন এবং বয়স চলতি বছরের ৩১শে জুলাই পর্য্যন্ত ১৭ থেকে ২৫ বছর হতে হবে । আবেদন করার শেষ তারিখ আগামী ৩১শে জুলাই । বিশদ বিবরনের জন্য শ্রীভূমি জেলার ডিষ্ট্রিক্ট প্রজেক্ট ম্যানেজারের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আগামী চার ও পাঁচই জুলাই আন্ত:বিদ্যালয় প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । জেলা ক্রীড়া আধিকারীক জানিয়েছেন যে জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে আয়োজিত এই প্রতিযোগীতায় ১৫ অনুর্ধ ছেলে এবং ১৭ অনুর্ধ ছেলে ও মেয়েরা অংশগ্রহন করতে পারবে । প্রতিযোগীতায় অংশ গ্রহনের জন্য খেলোয়াড়দের জেলার স্বাস্থ্য যুগ্ম-সঞ্চালকের কাছ থেকে প্রদান করা জন্মের প্রমান পত্র জমা করতে হবে । আগামী ২৫শে জুনের

মধ্যে নাম নথিভুক্ত করতে হবে । বিশদে জানার জন্য ৭০০২৬৪০৮৪০ নম্বরে যোগাযোগ করা যাবে ।

---

শিলচরের সামাজিক ও ক্রীড়া সংগঠন- খোঁজ'এর উদ্যোগে এবং সোনাই ফুটবল অ্যাকাদেমির পরিচালনায় দ্বিতীয় পরেশ চন্দ্র দত্ত ও জ্যোৎস্না দত্ত স্মৃতি ট্রফি প্রাইজমানি অনুর্দ্ধ-১৯ গ্রামীণ ফুটবল টুর্নামেন্ট সোনাইয়ের নিত্যগোপাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে শুরু হয়েছে । বিগত দশই জুন থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতায় ষোলটি দল অংশ নিয়েছে । গতকাল প্রতিযোগিতার প্রথম রাউন্ডের অষ্টম খেলায় মসখল ফুটবল ক্লাব ঝাঞ্জরবালি দলকে ৩-০ গোলে পরাজিত করে । প্রতিযোগিতার আজকের প্রথম কোয়ার্টার ফাইনালের খেলায় বনতারাপুর ফুটবল ক্লাব এবং সোনাপুর এফসি পরস্পরের মুখোমুখি হচ্ছে ।

---